তারিখ FEB. 23 2000

# পরীক্ষায় প্রক্সি দেয়ায় ইবি থেকে দুই ছাত্রকে চিরতরে বহিষ্কার

ইসলামি বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ ইসলামি বিশ্ববিদ্যালয়ের ২ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয়ে আইনবিরোধী কাজ করার অপরাধে বিশ্ববিদ্যালয় থেকে চিরতরে বহিষ্কার করা হয়েছে। গতবছর ভর্তি পরীক্ষার সময় অন্যের হয়ে ভর্তি পরীক্ষায় প্রক্সি দিতে এসে এই বিশ্ববিদ্যালয়ের ২ জন ছাত্র ধরা পড়ে। একবছর তদন্তশেষে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ১৫০তম সিন্ডিকেট সভার মাধ্যমে এই ২ জন ছাত্রকে বহিষ্কার করা হয়। বহিষ্কৃতরা হলো এনায়েত করিম, ব্যবস্থাপনা দ্বিতীয় বর্ষ এবং সাইদুর রহমান সোহান, ইংরেজি ২য় বর্ষ। একই সিন্ডিকেট সভার মাধ্যমে শিক্ষকদের গাড়ি ভাঙচুর করার অপরাধে মাসুদুর রহমান, ইসলামের ইতিহাস ৩য় বর্ষ, বশির আহমেদ, ফলিত রসায়ন ২য় বর্ষ, মিজানুর রহমান, বাংলা ২য় বর্ষ, সেলিম সোহরাব আইন ৩য় বর্ষকে ৩ বছরের জন্য বহিষ্কার করা হয়।

## ক্লাস স্থগিত

ইসলামি বিশ্ববিদ্যালয়ে ২৬শে ফেব্রুয়ারি থেকে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষার কারণে আগামীকাল বৃহস্পতিবার থেকে ৬ই মার্চ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও বিভিন্ন বর্ষের পরীক্ষা স্থগিত করা হয়েছে।